

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**অর্থ মন্ত্রণালয়**  
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**  
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**  
**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

এস.আর.ও. নং ১৮৪-আইন/২০২৬/৩৯/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত H.S Code এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত কেমিক্যালসকে উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩% (তিন শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
28.25	2825.90.00	Lime powder
28.33	2833.29.90	Ferrous Sulphate
28.35	2835.29.00	Tab-Di Ammonium Phosphate.
39.06	3906.10.00	Acrylic polymers
	3906.90.00	

**শর্তালি**

- (১) পণ্যচালান খালাসকালে আমদানিকারককে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত পরিবেশ ছাড়পত্র দাখিল করিতে হইবে।
- (২) Effluent Treatment Plant (ETP) প্রতিষ্ঠানটিতে সচল অবস্থায় আছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তরের বিভাগীয় কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র পণ্য খালাসকালে সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।
- (৩) আমদানিকৃত কেমিক্যাল কেবল ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইবে মর্মে আমদানিকারক ৩০০ (তিনশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পরিশিষ্ট-১ মোতাবেক একটি অঞ্জীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন।

- (৪) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ কেবল ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইয়াছে কিনা উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক তাহার স্বাক্ষরে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সরেজমিনে তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর প্রেরণ করিবেন।
- (৫) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কেমিক্যাল এর ব্যবহার এবং মজুদ সম্পর্কে আমদানিকারক প্রতি ৩ (তিন) মাস অন্তর সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।
- (৬) মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা অথবা তদকর্তৃক লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা শর্ত (৫) এ উল্লিখিত প্রতিবেদনের সাথে সরেজমিনে আমদানিকৃত কেমিক্যালস এর মজুদ মিলাইয়া দেখিবেন।

২। ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৯-আইন/২০১১/২৩৫৬/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

### পরিশিষ্ট-১

#### অঙ্গীকারনামা

#### [শর্ত (৩) দ্রষ্টব্য]

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----  
----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা)  
এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং----- তারিখ:-----  
ইনভয়েস নং----- তারিখ:----- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং -----  
----- তারিখ:----- এর মাধ্যমে আমদানিকৃত কেমিক্যাল ETP পরিচালনার জন্য  
ব্যবহার করিব এবং উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর  
পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোনো শাস্তি মানিয়া  
নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর: .....

তারিখ:

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: .....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: .....

**পরিশিষ্ট-২****প্রত্যয়নপত্র****[শর্ত (৪) দৃষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -----  
 ----- (সম্পূর্ণ নাম ও ঠিকানা) বিনিয়োগ  
 বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নং ..... ) ETP পরিচালনাকারী একটি প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান  
 কর্তৃক ঋণপত্র নং ----- তারিখ: ----- ইনভয়েস নং -----  
 ----- তারিখ: ----- বিল অব এন্ট্রি নং ----- তারিখ: -----  
 -এর মাধ্যমে আমদানিকৃত কেমিক্যাল বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত  
 অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর: .....

নাম: .....

তারিখ:

পদবী: বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট

বিভাগীয় দপ্তর, .....

সীল:

**রাষ্ট্রপতির আদেশক্রমে,****স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।